



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফেনী সরকারী কলেজ, ফেনী

স্থাপিত: ১৯২২

ডাকঘর-ফেনী, উপজেলা-ফেনী, জেলা-ফেনী।



তারিখ: ১৪/০৮/২০২৪ খ্রি.

২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শুধুমাত্র শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড কোর্সে ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-Line এ ১০/০৭/২০২৪ ইং তারিখ থেকে শুরু হয়েছে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

আবেদন ফরম সংগ্রহ: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://ems.nu.ac.bd/student-login> থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে পূরণ করে Download এর মাধ্যমে প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।

নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল:

ক্রমিক নং	বিষয়	জমাদানের তারিখ ও বার	স্থান ও সময়
০১	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি,	১৮/০৮/২০২৪ রবিবার	স্ব স্ব বিভাগ সকাল ১০:০০ টা থেকে বিকাল ২:০০ টা পর্যন্ত
০২	হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা/পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত	১৯/০৮/২০২৪ সোমবার	

বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত) সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ

ক্রমিক নং	বিষয়	পরীক্ষার ফি নিয়মিত	সেশন ফি	মোট	পরীক্ষার ফি অনিয়মিত	সেশন ফি	মোট
০১	বাংলা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	২৫০০	২৬৮০	৫১৮০	২৮০০	২৬৮০	৫৪৮০
০২	ইংরেজি	২২৫০	২৫৮০	৪৮৩০	২৫৫০	২৫৮০	৫১৩০
০৩	রসায়ন	৩৪৫০	২৬৮০	৬১৩০	৩৭৫০	২৬৮০	৬৪৩০
০৪	পদার্থবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান	৩৩০০	২৬৮০	৫৯৮০	৩৬০০	২৬৮০	৬২৮০
০৫	গণিত/ উদ্ভিদবিজ্ঞান	৩৩০০	২৭৬০	৬০৬০	৩৬০০	২৭৬০	৬৩৬০

অকৃতকার্য ও মানউন্নয়ন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি:

গ্রেড উন্নয়ন	১ বিষয়	২ বিষয়	৩ বিষয়	৪ বিষয়	৫ বিষয়	৬ বিষয়
	১০৫০/-	১৩০০/-	১৫৫০/-	১৮০০/-	২০৫০/-	২৩০০/-

বিশেষ দ্রষ্টব্য: ১। C- Promoted শিক্ষার্থীরা বিশেষ অন্তর্ভুক্তি ফি বাবদ অতিরিক্ত ফি - ১০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে।

২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি শিক্ষার্থীদের করণীয়:

নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট

<https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp> লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে “ সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)” এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেস্ট্র কার্ড, নেফ্রাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশানে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে। যারা আগে অনলাইনে টাকা পেমেন্ট করেছি কিন্তু টাকার পরিমাণ দেখায় না তাদেরকে রেজিস্ট্রেশন এর শেষে (-1,-2) ব্যবহার করে টাকা পেমেন্ট করতে হবে। (অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।

(টাকার পরিমাণ গড়মিল পরীক্ষিত হলে ফরম বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।)

পরীক্ষার্থীদের জন্য করণীয়:

Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিস্ট্রেশন কার্ডের ০১ (এক) কপি ফটোকপি, ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং ছাড়পত্রের মাধ্যমে আগত শিক্ষার্থীদের ছাড়পত্রের (প্রাপক: অধ্যক্ষ, ফেনী সরকারী কলেজ) এর কপি জমা স্ব স্ব বিভাগে কলেজ নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

[Signature]
অধ্যক্ষ - ১৪.৮.২৪

ফেনী সরকারী কলেজ, ফেনী
১৪.৮.২৪